আমাদের সময়

তারিখ ১১ JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

আইডিয়ালের শিক্ষার্থী গুলিবিদ্ধ

# গুলিবর্ষণকারী রোমান ছাত্র না হয়েও ছাত্রলীগ কর্মী

হাবিব রহমান ●

সাইদ হোসেন রোমান নিউমার্কেট থানা ছাত্রলীগের সভাপতি গোলাম সুমেরুল রানার প্রধান সহযোগী। নিউমার্কেট-ধানমণ্ডি এলাকায় মূলত অস্ত্রবাজ হিসেবে পরিচিত তিনি। এই রোমানই গত শনিবার আইডিয়াল কলেজের শিক্ষার্থী নাইমুর রশিদ নাবিলের পায়ে গুলি করেন। এমন তথ্য জানা গেছে পুলিশের প্রাথমিক তদন্তে। তবে পুলিশ ঘটনার দুদিন পেরিয়ে গেলেও রোমানকে আটক করেনি। কারণ হিসেবে জানা গেছে, রোমানের সঙ্গে প্রভাবশালী মহলের যোগাযোগ রয়েছে। এ ঘটনায় ব্যবসায় শিক্ষা বিভাগের প্রথম বর্ষের ছাত্র গুলিবিদ্ধ নাবিল বাদী হয়ে কলাবাগান থানায় রোমান, ফাহাদ, পলক ও জুনাইদ নামে চারজনকে আসামি করে মামলা করেছেন।

এদিকে একটি সূত্র জানায়, ছাত্র না হয়েও রোমান ছাত্রলীগ কর্মী। সে নিউমার্কেট থানা ছাত্রলীগের সভাপতি পদের মনোনয়ন-প্রত্যাশী। তবে তার সন্ত্রাসী কার্যকলাপের কারণে নিজ দলের নেতাকর্মীরাও তাকে পছন্দ করেন না। আইডিয়াল কলেজে সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বের সুযোগ নিয়ে এলাকায় নিজের আধিপত্য জানান দিতেই রোমান নাবিলকে গুলি করেছে।

ডান পায়ের গোড়ালিতে গুলিবিদ্ধ নাবিলকে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসা দিয়ে বাসায় নিয়ে গেছেন স্বজনরা। নাবিলের বাবা হারুন অর রশীদ বেসরকারি একটি প্রতিষ্ঠানের কর্মকর্তা। নাবিল গতকাল রোববার আমাদের সময়কে বলেন, রোমান একাধিক মামলার আসামি। তাকে সন্ত্রাসী হিসেবে সবাই চেনে। কিছুদিন আগেও মোটরসাইকেল চুরির ঘটনায় ধানমণ্ডি থানা পুলিশ তাকে আটক করেছিল। তিনি আরও বলেন, অতি তুচ্ছ বিষয় নিয়ে রোমান আমাকে গুলি করেন। রোমানকে ডেকে আনে পলক ও ফাহাদ। কারণ তারা রোমানের সঙ্গে চলাফেরা করে। রোমান আইডিয়াল কলেজের ছাত্র নন।

এদিকে ওই ঘটনার পর থেকে সাধারণ ছাত্র ও অভিভাবকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের বহিরাগতদের সঙ্গে না মেশার নির্দেশ দিয়েছে। এ বিষয়ে কলাবাগান থানার পরিদর্শক (তদন্ত) আবিদুর রহমান গতকাল আমাদের সময়কে বলেন, অভিযুক্তদের ধরতে অভিযান চলছে। তাদের ধরতে পারলে বিস্তারিত জানা যাবে।

গত শুক্রবার কলেজের সামনে একটি ভ্রাম্যমাণ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৫

## গুলিবর্ষণকারী রোমান

(৩ এর পৃষ্ঠার পর) চায়ের দোকানে বসাকে কেন্দ্র করে সিনিয়র-জুনিয়র শিক্ষার্থীদের মধ্যে কথাকাটাকাটি হয়। এ সময় নাবিলের এক বন্ধুকে মারধর করে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা। গত শনিবার দুপুরে নাবিল কলেজের সামনে চায়ের দোকানে চা পান করছিলেন। এ সময় দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আশরাফুল ইসলাম পলক ও ফাহাদ তাদের বহিরাগত বন্ধু ছাত্রলীগ কর্মী রোমানকে নিয়ে আসেন। একপর্যায়ে তাদের সামনেই নাবিলের পায়ে গুলি করেন রোমান।